নীরবে থাকিস সখী,ও তুই নীরবে থাকিস ।
তোর প্রেমেতে আছে যে কাঁটা
তারে আপন বুকে বিঁধিয়ে রাখিস ।
দয়িতেরে দিয়েছিলি সুধা,
আজিও তাহে মেটে নি ক্ষুধা—
এখনি তাহে মিশাবি কি বিষ ।
যে জ্বলনে তুই মরিবি মরমে মরমে
কেন তারে বাহিরে ডাকিস ॥

---

Parjaay: Shyama, Taal: Dadra, Style: Baul
Visit www.geetabitan.com for notation and other detail